গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.৪২৩.৪-০.০০১.২০২৬.২১০ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

**দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন**
তারিখ: ১৩ জুলাই ২০২৬ খ্রি., সময়: দুপুর ০২:০০টা

১। **সর্বশেষ আবহাওয়ার পরিস্থিতি:**
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

২। **আজ ১৩ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। **ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (১৩-০৭-২০২৬ খ্রিঃ) দুপুর ১১ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি. /২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি./২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে ঢাকা মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে।

৪। **আজ ১৩.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** মৌসুমি বায়ুর বর্ধিতাংশের অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় বিরাজমান আছে।

**পূর্বাভাস:**
**প্রথম দিন (১৩.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং খুলনা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১৪.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**তৃতীয় দিন (১৫.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**চতুর্থ দিন (১৬.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**পঞ্চম দিন (১৭.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা** (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.০ নিকলি | ৩৪.১ বদলগাছী | **৩৫.৫ সৈয়দপুর** | ৩০.৭ ময়মনসিংহ | ৩০.১ সিলেট | ৩১.৫ সীতাকুন্ড ও রামগতি | ৩৩.৮ মোংলা | ৩২.৬ পটুয়াখালী |
| নিম্ন তাপমাত্রা | ২৩.৫ নারায়ণগঞ্জ | ২৫.২ বগুড়া | ২৫.৪ দিনাজপুর | ২৫.৮ নেত্রকোনা | ২৪.০ সিলেট | **২২.৮ বান্দরবান** | ২৪.৫ কুমারখালী | ২৫.০ পটুয়াখালী |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **সৈয়দপুর ৩৫.৫°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **বান্দরবান ২২.৮°** ।
(তথ্য সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**<u>বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:</u>**

➢ বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
➢ জানালা ও দরজা বন্ধ রাখুন;
➢ সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
➢ নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
➢ গাছের নিচে আশ্রয় নেবেন না;
➢ কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
➢ বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
➢ জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
➢ বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
➢ শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**
**(২৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ /১৩ জুলাই, ২০২৬ খ্রি.)**

*<u>বিপদসীমার / সতর্কসীমার উপরে নদ-নদীর তথ্য:</u>*

- **পর্যবেক্ষণাধীন স্টেশনসমূহের মধ্যে ০৩টি নদীর ০৩টি জেলার ০৪টি পয়েন্টে - সুরমা নদীর ছাতক (সুনামগঞ্জ) স্টেশনে; কুশিয়ারা নদীর মারকুলি (সুনামগঞ্জ) ও ফেঞ্চুগঞ্জ (সিলেট) স্টেশনে; সোমেশ্বরী নদী কলমাকান্দা (নেত্রকোণা) স্টেশনে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

*<u>বৃষ্টিপাতের পূর্বাভাস:</u>*

- আগামী ২৪ ঘন্টায় **সিলেট, ময়মনসিংহ ও রংপুর** বিভাগে এবং উজানে ভারতের **আসাম, মেঘালয় ও পশ্চিমবঙ্গ** প্রদেশে **ভারি থেকে অতিভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

*বন্যা সতর্কতা:*

- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; **যা আগামী ০২ দিন বৃদ্ধি পেতে পারে** এবং ৩য় দিন স্থিতিশীল থাকতে পারে। **ফলে আগামী ০২ দিনে সিলেট ও সুনামগঞ্জ জেলায় সুরমা-কুশিয়ারা নদীসংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।**
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলীয় সিলেট ও ময়মনসিংহ বিভাগের **যাদুকাটা, ভুগাই-কংস** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; অপরদিকে সোমেশ্বরী নদীর পানি সমতল স্থিতিশীল আছে ও সারিগোয়াইন নদীর পানি সমতল হ্রাস পেয়েছে। **আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার সারিগোয়াইন, যাদুকাটা, সোমেশ্বরী ও ভুগাই-কংস ইত্যাদি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হতে পারে ও নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে।**
- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের **তিস্তা** নদীর পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; অপরদিকে ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে। **আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় নীলফামারী, লালমনিরহাট, রংপুর ও কুড়িগ্রাম জেলার তিস্তা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে। এছাড়াও এ সময়ে গাইবান্ধা জেলায় তিস্তা নদী ও কুড়িগ্রাম জেলায় ধরলা নদী সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং নদীসংগ্ন নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে।**
- রংপুর ও রাজশাহী বিভাগের **টাঙ্গন, পুনর্ভবা, ঘাঘট, আত্রাই, আপার আত্রাই, মহানন্দা, যমুনেশ্বরী ও করতোয়া** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; অপরদিকে আপার করতোয়া নদীর পানি সমতল হ্রাস পেয়েছে; যা **আগামী ০৩ দিন বৃদ্ধি** পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সাঙ্গু, মাতামুহুরী ইত্যাদি নদীর পানি সমতল হ্রাস পেতে পারে এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চলসমূহে বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত থাকতে পারে।

**(২৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ১২ জুলাই, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**
**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ নদীঃ ০৩ স্টেশনঃ ০৪ টি, জেলাঃ ০৩ টি।**

| মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| সুরমা | ছাতক | সুনামগঞ্জ | ৮.৭০ | ৮.৮৫ | +১৭ | +১৫ |
| কুশিয়ারা | ফেঞ্চুগঞ্জ | সিলেট | ৯.৪৫ | ৯.৭২ | +০২ | +২৭ |
| কুশিয়ারা | মারকুলি | সুনামগঞ্জ | ৭.০৫ | ৭.১২ | -০৭ | +০৭ |
| সোমেশ্বরী | কলমাকান্দা | নেত্রকোণা | ৬.৫৫ | ৬.৬৩ | +০৬ | +০৮ |

***গত ২৪ ঘন্টায় সাঙ্গু নদীর বান্দরবন ও দোহাজারী স্টেশন বিপদসীমার নিচে নেমেছে এবং সুরমা নদীর ছাতক স্টেশন বিপদসীমার উপরে উঠেছে।**

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| জামালপুর | ২০৯.০ | কুমিল্লা | ১৭৪.০ |
| বগুড়া | ১৬৫.০ | লরেরগড় (সুনামগঞ্জ) | ১৫৭.০ |
| চট্টগ্রাম | ১৩৩.০ | লামা (বান্দরবন) | ১২৭.০ |
| ছাতক (সুনামগঞ্জ) | ১২৫.০ | কাউনিয়া (রংপুর) | ১১১.০ |
| দেওয়ানগঞ্জ (জামালপুর) | ১০৫.০ | গাইবান্ধা | ৯৬.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৯৫.০ | ফরিদপুর | ৯৩.০ |
| পাঁচপুকুরিয়া (চট্টগ্রাম) | ৯৩.০ | ঢাকা | ৭৯.০ |
| চিলমারী (কুড়িগ্রাম) | ৭৫.০ | সুনামগঞ্জ | ৭৫.০ |
| নরসিংদী | ৭৫.০ | বান্দরবান | ৭৪.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মাওকিরওয়াত (মেঘালয়) | ১১৫.০ | মাউসিনরাম (মেঘালয়) | ১১১.০ |
| আর. কে. এম সোহরা (মেঘালয়) | ১০৮.০ | কালিম্পং (পশ্চিম বঙ্গ) | ৯৭.০ |
| কোচবিহার (পশ্চিম বঙ্গ) | ৯৩.০.০ | শেল্লা (মেঘালয়) | ৮০.০ |
| উইলিয়ামনগর (মেঘালয়) | ৮০.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৭৯.০ |
| দার্জিলিং (পশ্চিম বঙ্গ) | ৬৬.০ | সোনামুরা (মেঘালয়) | ৬৫.০ |
| গ্যাংটক (সিকিম) | ৫৩.০ | গোয়ালপাড়া (আসাম) | ৪৬.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৮০ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০১ |
| হ্রাস | ৪৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ |
| অপরিবর্তিত | ০২ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | **০৪** |
| পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০৩ টি | | |
| নদীসমূহ সংলগ্ন জেলার সংখ্যা | ০৩ টি | | |
| নদীসমূহ সংলগ্ন জেলা | সিলেট, সুনামগঞ্জ এবং নেত্রকোণা। | | |

৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১১ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ১২ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৫ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ১ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ০ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ২ | ০ | ০ |
| ৮. | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **০৫** | **০** | |

স্বাক্ষরিত/- ১৩.০৭.২০২৬
(ড. মো: সালাহ উদ্দিন)
উপসচিব (এনডিআরসিসি)
ফোন: ০২৯৫১৪২২১

স্মারক নং- ৫১.০০.০০০০.৪২৩.৪-০.০০১.২০২৬.২১০/১(৫১)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

**সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতা/পদমর্যাদার ক্রমানুসারে নহে):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
১১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
২০। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩৮। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, বা/এ, ঢাকা ***[জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের অনুরোধসহ]।***
৩৯। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৪০। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪১। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪২। বিভাগীয় কমিশনার (সকল)।

৪৩। জেলা প্রশাসক, ............ (সকল) *[দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯ (SOD) মোতাবেক দুর্যোগ ঝুঁকি ও ক্ষয়ক্ষতি হ্রাসে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও সমন্বয় সাধনের অনুরোধসহ]।*

৪৪। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪৫। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইলেকট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

৪৬। পরিচালক (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বা/এ, মহাখালী, ঢাকা।

৪৭। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।

৪৮। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, ঢাকা।

৪৯। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।

৫০। প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫১। উপজেলা নির্বাহী অফিসার -------------- (সকল উপজেলা)।

**অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।

দুর্যোগকালীন সময়ে দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (২৪X৭) খোলা থাকে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/মোবাইল/email এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। টেলিফোন নম্বর: **৫৫১০১১১৫, ৫৫১০১২১৭**; মোবা: **০১৩৪২-৬৮৮৫২৬**; E-mail: ndrcc.dmrd@gmail.com, ndrcc@modmr.gov.bd। **দুর্যোগের আগাম বার্তা পাওয়ার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০৯০ টোল ফ্রি নম্বরে ডায়াল করুন।**

১৩.০৭.২০২৬

(মো: হাছান আলী)

সহকারী সচিব (এনডিআরসিসি)

ফোন: ৫৫১০১১১৫

Email: ndrcc.dmrd@gmail.com